

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃত্রিম প্রজনন দপ্তর
aic.dls.gov.bd

তারিখ: ৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.৬০০.১৯.০০২.২৩.১২০৯

বিষয়: এ.আই টেকনিশিয়ান হিসেবে মনোনয়ন প্রদান প্রসংগে।

সূত্র: উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, জয়পুরহাট এর স্মারক নং-৩৩.০১.৩৮০০.০০০০.০১.২৩-১৪১ তারিখ: ১৫-১০-২০২৪ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সুযোগ সুবিধা এবং শর্তাবলীর প্রেক্ষিতে নিম্নে বর্ণিত ব্যক্তিকে এ.আই টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) হিসেবে মনোনয়নসহ তরল সিমেন্ট দ্বারা কৃত্রিম প্রজনন পয়েন্ট চালুর অনুমোদন দেয়া হলো।

শর্তাবলী :

১। কৃত্রিম প্রজনন কাজ চালুর পূর্বে প্রস্তাবিত এ.আই টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) কে নিজ খরচে ১) AI Technician Training Center (AITTC), Savar অথবা ২) Buffalo AI Technician Training Center (BAITTC), Savar অথবা ৩) AI Technician Training Center (AITTC), Rajabarihat, Rajshahi - তে ০৪(চার) মাস ব্যাপী কৃত্রিম প্রজনন বিষয়ে সফলভাবে তাত্ত্বিক প্রশিক্ষণ (**ব্যাপ্তিভিত্তিক প্রশিক্ষণ গুরুত্ব ভারি ও স্থান যথাসময়ে জানানো হবে**) সমাপ্তির পর নিজ উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে ০২(দুই)মাস ব্যাপী ব্যবহারিক প্রশিক্ষণ সমাপ্তি শেষে কৃত্রিম প্রজনন কাজ চালু করা যাবে (উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে)।

২। এ.আই. টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) হিসেবে কাজ শুরু করার পূর্বে ও মালামাল সরবরাহ নেওয়ার পূর্বে উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, জয়পুরহাট এর সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। প্রতিমাসে কমপক্ষে ৫০(পঞ্চাশ)টি প্রজনন কাজ হবে সে নিশ্চয়তাসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসর কৃত্রিম প্রজনন কাজে নিয়োজিত থাকবে মর্মে অঙ্গীকার নামা এ.আই.টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) এর নিকট হতে গ্রহণ করতে হবে। প্রতিমাসে ৫০ (পঞ্চাশ)টি প্রজননের কম হলে বর্ণিত এ.আই টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) এর অনুমোদন বাতিল বলে গণ্য হবে।

৩। যদি কোন এ.আই টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) স্বেচ্ছায় কৃত্রিম প্রজনন কাজ বন্ধ করেন অথবা কোন কারণে উর্ধতন কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্ব থেকে অব্যাহতি প্রাপ্ত হন তবে গ্রহণকৃত মালামাল অবশ্যই সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে জমা দিতে বাধ্য থাকবেন। অন্যথায় তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। এ মনোনয়ন ভবিষ্যতে প্রাণিসম্পদ বিভাগীয় সরকারী চাকুরী প্রদানের কোনরূপ নিশ্চয়তা প্রদান করে না।

ক্রমিক নং	জেলা কেন্দ্রের নাম	উপজেলা/ থানার নাম	প্রস্তাবিত পয়েন্ট ও ইউনিয়ন /পৌরসভার নাম	এ.আই টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) এর নাম ও ঠিকানা।
১	২	৩	৪	৫
১।	জয়পুরহাট	আক্কেলপুর	কাশিড়া বাজার ০৩ নং গোপীনাথপুর ইউনিয়ন	মোঃ আবুল কালাম আজাদ পিতাঃ মোঃ তোজামোল হক, মাতাঃ আজমা খাতুন, গ্রামঃ মহিতুর, ডাকঘরঃকাশিড়া, উপজেলাঃ আক্কেলপুর, জেলাঃ জয়পুরহাট।

কৃত্রিম প্রজনন কাজ চালুর পর সরকার নির্ধারিত প্রজনন ফি, সরকারি কোষাগারে (**অর্থনৈতিক কোড-১৪২৩-২৩০**) যথাসময়ে জমা দিতে হবে এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত যাবতীয় প্রতিবেদন প্রতিমাসে দাখিল করতে হবে।

২১-১০-২০২৪
ডাঃ আনন্দ কুমার অধিকারী
পরিচালক

উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, জয়পুরহাট।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.৬০০.১৯.০০২.২৩.১২০৯/১ (৬)

তারিখ: ৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২১ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মোঃ আবুল কালাম আজাদ, পিতাঃ মোঃ তোজাম্মেল হক, মাতাঃ আজমা খাতুন, গ্রামঃ মহিতুর, ডাকঘরঃ কাশিড়া, উপজেলাঃ আক্কেলপুর, জেলাঃ জয়পুরহাট, আপনাকে নিজ খরচে AITTC, Savar/ Rajabarihat, Rajshahi/ BAITTC, Savar তে দপ্তরে হাতে কলমে ০৪(চার) মাসব্যাপী কৃত্রিম প্রজনন বিষয়ে সফলভাবে তাত্ত্বিক প্রশিক্ষণ সমাপ্তির পর সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে ০২(দুই)মাস ব্যাপী ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- ২। চেয়ারম্যান, ০৩ নং গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট। এ.আই.টেকনিশিয়ান(স্বেচ্ছাসেবী) এর বসার জায়গাসহ প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
- ৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আক্কেলপুর, জয়পুরহাট। ০৪ (চার) মাসব্যাপী তাত্ত্বিক প্রশিক্ষণ সমাপ্তির পর বর্ণিত এ.আই.টেকনিশিয়ান (স্বেচ্ছাসেবী) এর কৃত্রিম প্রজনন বিষয়ক ০২(দুই) মাস ব্যাপী ব্যবহারিক প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জয়পুরহাট;
- ৫। উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়া এবং
- ৬। অফিস কপি, ।



২১-১০-২০২৪
ডাঃ আনন্দ কুমার অধিকারী
পরিচালক